গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১৪৫, মনিপুরিপাড়া, তেজগাঁও, ঢাকা-১২১৫
www.jdpc.gov.bd

স্মারক নং- ২৪.০৯.০০০০.০০০.৯৯.২৪৪.১৫/২২০

তারিখ: ০৮ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
২৩ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ

# জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)'র উদ্যোক্তা নিবন্ধন ও ব্যবস্থাপনা নীতিমালা

০১। বহুমুখী পাটপণ্য/পাট নিয়ে কাজ করেন বা করতে আগ্রহী সকল নাগরিক জেডিপিসি'র উদ্যোক্তা হিসেবে নিবন্ধনের/তালিকাভুক্তির জন্য আবেদন করতে পারবেন;

০২। জেডিপিসি'র নির্ধারিত নিবন্ধন আবেদন পত্রে সংযুক্তিসহ সরাসরি/অনলাইন/মাইগভ লিংকের মাধ্যমে আবেদন করতে হবে;

০৩। নিবন্ধন আবেদন পত্র সরাসরি জেডিপিসি, জেডিপিসি'র ওয়েবসাইট, জেইএসসি এবং মাইগভ লিংকে বিনামূল্যে পাওয়া যাবে। আঞ্চলিক উদ্যোক্তাগণ সংশ্লিষ্ট জেইএসসির মাধ্যমে কিংবা অনলাইনে আবেদন করতে পারবেন;

০৪। **আবেদনের সাথে যে সকল কাগজপত্র সংযুক্ত করতে হবে**

৪.১। হালনাগাদ ট্রেড লাইসেন্স এর ফটোকপি
৪.২। ফ্যাক্টরীর ট্রেড লাইসেন্স (যদি থাকে)
৪.৩। এন.আই.ডি. ও ছবি
৪.৪। ব্যাংক একাউন্ট-এর বিবরণ
৪.৫। টি. আই. এন এর ফটো কপি (যদি থাকে)
৪.৬। ভ্যাট লাইসেন্স এর ফটোকপি (যদি থাকে)
৪.৭। পাট অধিদপ্তরের লাইসেন্স এর ফটোকপি (যদি থাকে)
৪.৮। পরিবেশ অধিদপ্তরের লাইসেন্স এর ফটোকপি (যদি থাকে)
৪.৯। কলকারখানা অধিদপ্তরের লাইসেন্স এর ফটোকপি (যদি থাকে)
৪.১০। ফায়ার সার্ভিসের লাইসেন্স এর ফটোকপি (যদি থাকে)
৪.১১। ই.আর.সি. লাইসেন্স/আই.আর.সি. লাইসেন্স এর ফটোকপি (যদি থাকে)
৪.১২। ফ্যাক্টরীর কমপ্লাইয়েন্স সার্টিফিকেট এর ফটোকপি (যদি থাকে)
৪.১৩। কোম্পানীর প্রোফাইল (বিস্তারিত বিবরনসহ)
৪.১৪। প্রতিষ্ঠানের ওয়েবসাইট ঠিকানা (যদি থাকে)
৪.১৫। প্রোডাক্ট ক্যাটালগ (যদি থাকে)
৪.১৬। অন্যকোন এসোসিয়েশন/চেম্বার-এর মেম্বারশীপ সার্টিফিকেট এর ফটোকপি (যদি থাকে)
৪.১৭। ফ্যাক্টরীর সংক্ষিপ্ত বিবরন (প্রযোজ্য ক্ষেত্রে)
৪.১৮। ব্যবসায়িক কার্যক্রমে জড়িত না হয়েও যদি অন্য কোনভাবে প্রতিষ্ঠান বা ব্যক্তিগত পর্যায়ে বহুমুখী পাটপণ্য সেক্টরে যুক্ত থাকেন তবে, আলাদা কাগজে বর্ণনা দিয়ে তথ্য দাখিল করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)
৪.১৯। পরিবেশ লাইসেন্স এর ফটোকপি (যদি থাকে)
৪.২০। প্রোডাক্ট ক্যাটালগ ও ভিজিটিং কার্ড (যদি থাকে)
৪.২১। নিবন্ধন ফি (অফেরতযোগ্য) এর পেমেন্ট রশিদ এর কপি আবেদনের সাথে দাখিল করতে হবে
৪.২২। জেডিপিসি'র থেকে প্রশিক্ষণ গ্রহন করে থাকলে প্রশিক্ষন সনদের ফটো কপি ।

০৫। পূরণকৃত আবেদন পত্রের সাথে সকল সংযুক্তির হার্ড কপি ও সফট কপি দাখিল করতে হবে;

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

০৬। জেডিপিসি'র প্রশিক্ষনার্থী যদি প্রশিক্ষণশেষে বহুমুখী পাটপণ্য উৎপাদনে আগ্রহী হয় এবং স্বল্প পরিসরেও উৎপাদনের সাথে যুক্ত থাকেন সে ক্ষেত্রে প্রশিক্ষণ সনদ প্রাপ্তি সাপেক্ষ্যে নিবন্ধিত করা যাবে। এক্ষেত্রে কারখানা থাকা বা পরিদর্শণের আবশ্যকতা নাই;

০৭। শুধুমাত্র নিবন্ধিত উদ্যোক্তাগণই জেডিপিসি আয়োজিত বিভিন্ন কার্যক্রমে অংশগ্রহণের সুযোগ পাবেন;

০৮। নিবন্ধিত উদ্যোক্তা ব্যতীত জেডিপিসি'র প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রে বহুমুখী পাটপণ্য প্রদর্শন বা বিক্রয়ের জন্য দেয়ার সুযোগ পাবেন না;

০৯। নিবন্ধন প্রদানের পূর্বে আবেদন পত্রে প্রদত্ত তথ্য যাচাই বাছাই করার জন্য নিবন্ধন ব্যবস্থাপনা কমিটির মনোনীত সদস্য কারখানা সরেজমিন/ভার্চুয়ালী পরিদর্শন করবেন অথবা প্রয়োজনীয় ক্ষেত্রে আবেদনকারী চাহিদা অনুযায়ী তথ্য প্রদান করবেন। বিশেষ বিশেষ ক্ষেত্রে কারখানা স্থাপন বা পরিদর্শন ব্যতীত নির্বাহী পরিচালক সরাসরি অথবা পরিচালক (নিবন্ধন কমিটি প্রধান) এর অনুমোদনক্রমে নিবন্ধন প্রদান করা যাবে;

১০। নিবন্ধন ব্যবস্থাপনা কমিটির সুপারিশক্রমে প্রয়োজনে পরিদর্শন ছাড়াও নির্বাহী পরিচালক/পরিচালক (নিবন্ধন কমিটি প্রধান) এর অনুমোদনক্রমে নিবন্ধন প্রদান করা যাবে;

১১। জেডিপিসি' অধীন জুট এন্ট্রপ্রেনীয়র্স সার্ভিস সেন্টার (জেইএসসি)তে দাখিলকৃত আবেদন ক্ষেত্রে সংশ্লিষ্ট সেন্টার ইনচার্জগন সুপারিশসের ভিত্তিতে জেডিপিসি থেকে নিবন্ধন প্রদান করা হবে;

১২। ট্রেড লাইসেন্সে এর ঠিকানা অনুযায়ী নিবন্ধন করা হবে এবং তিনি সংশ্লিষ্ট জেলার উদ্যোক্তা হিসেবে গন্য হবেন। এক ট্রেড লাইসেন্সে একাধিক প্রতিষ্ঠান/ব্যাক্তির নামে তালিকাভুক্ত করা হবে না;

১৩। যে কোন আবেদন সঠিক তথ্য/যথাযথভাবে এবং নির্ধারিত ফি প্রদানের রসিদসহ আবেদন দাখিল করতে হবে। ভুল/মিথ্যা তথ্য প্রদান বা যে কোন কারণে আবেদনকারীর আবেদন বাতিল হলে পরিশোধকৃত নিবন্ধন ফি ফেরত দেয়া হবে না;

১৪। কোন সেবার ক্ষেত্রে বাতিলকৃত আবেদনকারী যদি পুনরায় যথযথ আবেদন করেন তাহলে দ্বিতীয়বার আর নিবন্ধন ফি জমা করার প্রয়োজন নেই আবেদনের সাথে পূর্বের মানি রিসিপ্ট সংযুক্ত করতে হবে অন্যথায় পুন: ফি পরিশোধ করতে হবে যা শুধু একবারের জন্য প্রযোজ্য;

১৫। **নিবন্ধনের ফি/নিবন্ধন নবায়ন ফি সনদপত্র ও অন্যান্য ফিসমূহ:**

১৩.১। নিবন্ধন ফি বাবদ ১০০০.০০ (এক হাজার) টাকা
১৩.২। নবায়ন ফি ৫০০.০০ (পাঁচশত) টাকা
১৩.৩। সনদপত্র ইস্যু ফি ১০০০.০০ (এক হাজার)
১৩.৪। পুন: নিবন্ধন ফি ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা
১৩.৫। নাম পরিবর্তন ইস্যু ফি ১০০০.০০ (এক হাজার) টাকা
১৩.৬। প্রতিবারের জন্য আলাদা ফি প্রদান করতে হবে এবং MFS পেমেন্টের ক্ষেত্রে চার্জ প্রযোজ্য
১৩.৭। যে কোন ফি জেডিপিসি কর্তৃপক্ষ বৃদ্ধি/হ্রাস করার ক্ষমতা সংরক্ষণ করে।;

১৬। প্রাথমিক নিবন্ধনের মেয়াদ ০২ (দুই) বছর। নিবন্ধন নবায়নের মেয়াদ ০২ বছর।

১৭। নবায়নের জন্য নির্ধারিত আবেদন পত্রে সংযুক্তিসহ আবেদন করতে হবে অনলাই/সরাসরি আবেদন করতে হবে।

১৮। নবায়নের জন্য অবশ্যই নিবন্ধিত উদ্যোক্তাকে অথবা তার প্রতিনিধিকে ০১ (এক) বছরের মধ্যে জেডিপিসি পরিচালিত প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। এ ক্ষেত্রে নবায়ন আবেদনের সাথে প্রশিক্ষন সনদ দাখিল করতে হবে;

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ★ ১৪৫, মনিপুরীপাড়া তেজগাঁও ঢাকা- ১২১৫ ★ জেডিপিসি, বস্ত্র ও পাট মন্ত্রণালয়

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

১৯। কোন উদ্যোক্তার নিবন্ধন বাতিল করা হলে জেডিপিসি কর্তৃপক্ষ যদি তার বাতিলকৃত নিবন্ধন পূনর্বহাল রাখার সিদ্ধান্ত গ্রহণ করেন তাহলে শুধু মাত্র একবারের জন্য পুন: নিবন্ধন ফি ৫,১০০.০০ (পাঁচ হাজার একশত) টাকা MFS চার্জসহ পুন: নিবন্ধন ফি পরিশোধ করতে হবে। দ্বিতীয়বার এ ধরনের আবেদনের সুযোগ নাই;

২০। জেডিপিসি পরিচালিত যে কোন সার্ভে, সমীক্ষা বা ডাটা বেইজ তৈরীতে চাহিদা অনুযায়ী তথ্য প্রদান করতে হবে;

২১। জেডিপিসি'র ক্ষেত্রে বহুমুখী পাটপণ্যে সকল ধরনের পাটপণ্যে অবশ্যই ৫০% অধিক পাটের অংশ থাকতে হবে;

২২। তালিকাভুক্তির পর যদি কোন উদ্যোক্তা বা তাঁর প্রতিষ্ঠান জেডিপিসি পরিচালিত বিভিন্ন কার্যক্রমে একাধারে অনেকদিন অনপুস্থিত থাকেন বা জেডিপিসি প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রে পণ্য প্রদান করতে ব্যর্থ হন তবে তিনি নিস্ক্রিয় উদ্যোক্তা হিসেবে গণ্য হবেন;

২৩। জেডিপিসি"র উদ্যোক্তা নিবন্ধন, নিবন্ধন নবায়ন, তথ্যছক পূরণ, বার্ষিক টার্ণওভারের তথ্য সংগ্রহ, ডাটাবেইজ তৈরি, নিবন্ধনপূর্ব পরিদর্শনসহ সার্বিক ব্যবস্থাপনা বিষয়ে উদ্যোক্তা ও নিবন্ধন ব্যবস্থাপনা কমিটি নামে একটি কমিটি গঠিত থাকবে। কমিটি সকল সুপারিশ, সিদ্ধান্ত নির্বাহী পরিচালক/ব্যবস্থাপনা কমিটির অনুমোদনক্রমে বাস্তবায়ন করবেন।

২৪। মেলা, প্রদর্শনী, বিক্রয় কেন্দ্রে রক্ষিত যে কোন পাটপণ্য প্রাকৃতিক দুর্যোগ, চুরি, প্রতারনজনিত কারণে ক্ষতিগ্রস্থ হলে জেডিপিসি থেকে কোন ক্ষতিপূরণের ব্যবস্থা নাই;

২৫। নিবন্ধিত কোন উদ্যোক্তা জেডিপিসি বা রাষ্ট্র বিরোধী কোন কাজ করলে তার নিবন্ধন বাতিল করা হবে;

২৬। এই নীতিমালা সময় সময়ে পরিমার্জন, পরিবর্ধন ও প্রয়োজনীয় সংশোধনের ক্ষমতা জেডিপিসি সংরক্ষণ করে;

২৭। উদ্যোক্তার তালিকাভুক্তি, নিবন্ধন, নিবন্ধন নবায়ন, মেলা প্রদর্শনীতে অংশগ্রহন, প্রদর্শনী বিক্রয় কেন্দ্রে পণ্য প্রদান, কাঁচামাল ব্যাংক সংক্রান্ত বা জেডিপিসি'র অন্য যে কোন কার্যক্রমে অংশগ্রহনের অনুমতিদান, নিবন্ধন বাতিল/সংরক্ষন, স্থগিতের ক্ষমতা জেডিপিসি সংরক্ষণ করে;

২৮। এই নীতিমালা ০৭/০৮/২০২৫ তারিখ থেকে কার্যকর হবে।

(নির্বাহী পরিচালক)
ও
যুগ্মসচিব